দৈনিক
আমাদের সময়

তারিখ 07 MAY 2016
পৃষ্ঠা 2 কলাম 2

# প্রস্তাবিত শিক্ষা আইন বাতিলের দাবি ইসলামী আন্দোলনের

নিজস্ব প্রতিবেদক ●

প্রস্তাবিত শিক্ষা আইন-২০১৬ বাতিল না করলে আন্দোলন কত প্রকার ও কী কী, তা দেখিয়ে দেওয়া হবে বলে জানিয়েছে ইসলামী আন্দোলন বাংলাদেশ। আইন বাতিলের পদক্ষেপ নিতে তারা প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন। গতকাল শুক্রবার জুমার নামাজের পর রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর সড়কে এক বিক্ষোভ সমাবেশে ইসলামী আন্দোলনের ঢাকা মহানগর কমিটির সভাপতি এটিএম. হেমায়েত উদ্দিন এ হুঁশিয়ারি উচ্চারণ করেন।

'নাস্তিক্যবাদী শিক্ষা আইন' বাতিলের দাবিতে সংগঠনটি বিক্ষোভ সমাবেশ করে।

সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে ইসলামী আন্দোলনের আমির সৈয়দ রেজাউল করিম প্রথম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পাঠ্যবই থেকে ইসলামী সংস্কৃতি-বিষয়ক রচনা, কবিতা ও মহানবীর (সা.) জীবনচরিত বাদ দেওয়া হয়েছে বলে অভিযোগ করেন।

তিনি বলেন, এভাবে যে শিক্ষায় নাস্তিক্যবাদ শেখানো হয়, সে বই আমরা পড়ব না।

শুনেছি প্রধানমন্ত্রী নামাজ পড়েন। আমার মনে হয়, তার অগোচরে এসব বাস্তবায়ন করা হচ্ছে। এ এক বিরাট ষড়যন্ত্র। এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।